



‘সোলারিজ শালিমার’ প্রকল্প দেখানো হচ্ছে ক্রেতাদের।

সোলারিসে বিপুল সাড়া

স্টাফ রিপোর্টার : দিকচক্রবাল জুড়ে আকাশছোঁয়া টাওয়ারের সারি। যার ছাদের উপর নয়নাভিরাম বাগান। হাওড়া শহরের উচ্চতম যে রুফ টপ গার্ডেনে দাঁড়ালে চোখের সামনে প্রবহমান গঙ্গা, সবুজ বৈটানিক্যাল গার্ডেন। ইডেন রিয়েলিটি গ্রপের ‘সোলারিজ শালিমার’-এর নতুন ১৮ তলা টাওয়ারের বুকিং শুরু হতেই নজিরবিহীন সাড়া ক্রেতাদের মাঝে।

নতুন এই প্রকল্প নিয়ে ইডেন রিয়েলিটি গ্রপের এমডি আর্য সুমন্ত বলেন, “হাওড়ায় জন্ম বলে আমার আবেগের সঙ্গে এই প্রকল্প জড়িয়ে আছে। আমার আরও গর্ব হচ্ছে মধ্যবিত্ত মানুষের সাথ্যের মধ্যে ‘বেস্ট ইন ক্লাস’ সুযোগ-সুবিধা ও দারুণ যোগাযোগ ব্যবস্থাসম্পর্ক এমন একটা প্রকল্প বানাতে পেরে।” তিনি জানান, “এমুহূর্তে ই-লটারিতে ৬৪৮টি ফ্ল্যাট বিক্রির জন্য

রাখা হয়েছে।” নতুন এই প্রকল্পের কথা জানিয়ে তাঁদের প্রচারে ক্রেতাদের সাড়া প্রসঙ্গে সংস্থার যুগ্ম এমডি কুমার সাত্যকী জানান, “অবিশ্বাস্য সাড়া পেয়েছি আমরা। প্রথম ১২ দিনে দু’হাজারেরও বেশি মানুষ সাইটে এসে দেখে গিয়েছেন। ফর্ম নিয়ে গিয়েছে। যাঁরা আসতে পারেননি, তাঁদের কাছে অনলাইনে ২৫০০-রও বেশি ফর্ম বিক্রি করেছি। ফর্ম জমা নেওয়া হবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত।”

‘সোলারিজ শালিমার’ প্রকল্পটি নিয়ে এখনও পর্যন্ত মোট ৪৮ লক্ষ বর্গফুট এলাকায় আবাসন তৈরির কাজ চালাচ্ছে ইডেন রিয়েলিটি গ্রপ। ইতিমধ্যে ৫৩ লক্ষ বর্গফুট বাসযোগ্য আবাস ক্রেতাদের হাতে তুলে দেওয়া হয়েছে। সব মিলিয়ে এক কোটি বর্গ ফুটের ল্যান্ডমার্ক পেরিয়ে গিয়েছে ইডেন রিয়েলিটি গ্রপ।